

“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd


বিষয়: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কার্যাবলীর অগ্রগতি সম্পর্কে সাপ্তাহিক টিম সভার কার্যবিবরণী:-

সভাপতি : নাজমা মোবারেক
সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
তারিখ ও সময় : ০৩/০৯/২০২৩ রবিবার, দুপুর ০২:৩০ ঘটিকা।
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি আজকের টিম সভার উদ্দেশ্য ও গুরুত্ব সম্পর্কে সকলকে অবহিত করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র. নং:	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	শাখার কাজ নিষ্পন্ন	প্রতিটি শাখার কাজ সচিবালয় নির্দেশনাবলী ২০১৪ অনুযায়ী নিষ্পত্তি করা এবং নথি অনুমোদনের পরে দ্রুত পত্র জারি করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	সচিবালয় নির্দেশমালা -২০১৪ অনুযায়ী শাখার কাজ দ্রুত নিষ্পন্ন করা এবং নথি অনুমোদনের পরে পত্র জারী করতে হবে।	সকল শাখা, মশিবিম
২.	প্রশিক্ষণ	প্রশাসনিক কর্মকর্তা/ ব্যক্তিগত কর্মকর্তাদেরকে প্রশিক্ষণ দেয়ার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	প্রশাসনিক কর্মকর্তা/ ব্যক্তিগত কর্মকর্তাদেরকে প্রশিক্ষণ প্রদান করতে হবে।	প্রশাসন উইং
৩.	নিয়োগ	নিয়োগ কার্যক্রম ত্বরান্বিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।	নিয়োগ কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	প্রশাসন উইং
৪.	দায়িত্ব পালন	প্রতি সপ্তাহের রবিবার সাপ্তাহিক টিম সভা অনুষ্ঠিত হওয়ার বিষয়ে আলোচনা করা হয় এবং সমন্বয় শাখা সাচিবিক দায়িত্ব পালন করবে।	সমন্বয় শাখা টিম সভায় সাচিবিক দায়িত্ব পালন করবে।	সমন্বয় শাখা
৫.	মনিটরিং	দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করার বিষয়ে সকল কর্মকর্তাকে সভাপতি নির্দেশনা প্রদান করেন।	দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করতে হবে।	সকল কর্মকর্তা, মশিবিম
৬.	পরিদর্শন	কর্মকর্তাগণ সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী নিয়মিত শাখা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন।	নিয়মিত পরিদর্শন করতে হবে।	সকল কর্মকর্তা, মশিবিম
৭.	পদোন্নতি	মন্ত্রণালয়ে কর্মরত কর্মচারীদের মধ্যে যোগ্য কর্মচারীদের পদোন্নতির উদ্যোগ গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	পদোন্নতির উদ্যোগ নিতে হবে।	প্রশাসন উইং

অতঃপর আলোচনা শেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


০৩.০৯.২০২৩
(নাজমা মোবারেক)
সচিব